

পঞ্চম্বর

সা

সে শুধু হেঁটেছে পথে, রোদ
খুঁজেছে বড় বৃক্ষ তারা ছায়া
ভেবেছে, কোনও দুঃখ কত বড়ো
সময় কারো প্রতীক্ষাতে গড়া,

রে

গাছের ডালে, পাখীর গানে সুরে
যাচ্ছে ভেসে চপলমতি মেঘে
মূর্খ কিশোর, দুঃখী কিশোরীরা
যেখান থেকে ওদের সারা হলে
এখান থেকে তারও হল শু

গা

পাশাপাশি রাত্রিবেলা যখন
শু হল মেঘে মেঘে ঠোকা
বৃষ্টি এল ঘরের মধ্যে তখন
দুজনেতেই মুঞ্চ জানে ধোওয়া,

মা

তিনি বললেন, রাষ্ট্রীয় সন্ধান
দেখুন তাকে দেখতে কেমন লাগে
তিনি বললেন, বদলাচ্ছে ছুতো
নীতিই নেই, ছুতোর রাজনীতি
এসব কথা বলেন চামস্কি।

পা

আমার যাকে ভাললাগত তাকে
দিয়েছিলুম রূপোর কথাগুলি
স্বপ্ন হাতে ছুঁতে গিয়ে দেখি
ভাবনাগুলি পাথর হয়ে গেছে
ছুরির ফলায় মধ্যদিনের রোদ
কখন জানো, কাঁদেন ভগবানও!
একলা চলার কষ্ট কিছু বেশী



তা'বলে কেউ সোজা হাঁটবে না!

অনিৰ্বাণ চট্টোপাধ্যায়

সৃষ্টিসন্ধান

Phone: 98302 43310

email: editor@srishtisandhan.com